

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.০০০০.০০০.১৯.০০১.১৫. ২৬৫২


তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৩  
২১ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থানীয় সরকার বিভাগ হতে ৮ নভেম্বর ২০১৬ তারিখের ২৬৬১ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনটি বাতিলক্রমে জনাব মোঃ আবুল বশার (১৫৪২৪), নির্বাহী ম্যাজিস্ট্রেট, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, ঢাকাকে (ঝালকাঠি জেলা পরিষদে সচিব হিসেবে বদলীর আদেশাধীন) নরসিংদী জেলা পরিষদে সচিব পদে পদায়ন করা হলো।

- ২। এ নিয়োগ/পদায়নের শর্তাবলি নিম্নরূপ হবেঃ
- (ক) বেতনঃ জেলা পরিষদ হতে নিজস্ব বেতনক্রম অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
  - (খ) ভাতা ও অন্যান্য সুবিধাদিঃ তার পদের সংগে সংযুক্ত ভাতা ও সুবিধাদি পাবেন;
  - (গ) প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথাঃ প্রভিডেন্ট ফান্ড, কল্যাণ তহবিল, যৌথবীমা ইত্যাদি প্রদান করবেন; এবং
  - (ঘ) জেলা পরিষদ কোন বাসস্থান প্রদান করলে সেক্ষেত্রে কোন বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না।
- ৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

নং-৪৬.৪২.০০০০.০০০.১৯.০০১.১৫. ২৬৫২(২)

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৩  
২১ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী/ঝালকাঠি।
- ৫। জেলা প্রশাসক, নরসিংদী/ঝালকাঠি।
- ৬। উপ-সচিব/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী/ঝালকাঠি।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নরসিংদী/ঝালকাঠি।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১২। জনাব.-----।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব